# বিজ্ঞপ্তি

নম্বর: ৩০.৩৪.০০০০.০৭৩.৩৫.০০০.২৫-৬১২ তারিখ: ০৭-১০-২০২৫ খ্রি.

**ট্রাফিক হেলপার (ক্যাজুয়াল) পদের লিখিত পরীক্ষার বিজ্ঞপ্তি**

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ এর নিয়োগ বিজ্ঞপ্তি সূত্র নং: ৩০.৩৪.০০০০.০৭৩.২৯.০০০.২৪/৯৮৩ তারিখ: ২৩-১২-২০২৪ খ্রি. এর মাধ্যমে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির অন্তর্ভুক্ত ট্রাফিক হেলপার (ক্যাজুয়াল) পদে আবেদনকারী প্রার্থীদের লিখিত পরীক্ষা আগামী ১০-১০-২০২৫ খ্রি. শুক্রবার বেলা ০৩.০০ টায় নিম্নবর্ণিত কেন্দ্রসমূহে অনুষ্ঠিত হবে:

| ক্র: নং | রোল নম্বর | কেন্দ্রের নাম | তারিখ ও সময় |
|---|---|---|---|
| ০১ | ২৮০০০০০১--২৮০১২৬০০ | বি এ এফ শাহীন কলেজ, জাহাঙ্গীর গেট, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা। | ১০-১০-২০২৫ খ্রি. শুক্রবার বেলা ০৩.০০ টা |
| ০২ | ২৮০১২৬০১--২৮০১৫৫৬৫ | সিভিল এভিয়েশন স্কুল এন্ড কলেজ, তেজগাঁও ঢাকা। | |

উল্লিখিত পদে আবেদনকারী প্রার্থীগণ http://bbal.teletalk.com.bd/bbal6/admitcard/ লিংকে সরাসরি ক্লিক করে প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন। ডাউনলোডকৃত প্রবেশপত্রের রঙ্গিন প্রিন্টসহ বর্ণিত প্রার্থীগণকে ১০-১০-২০২৫ খ্রি. শুক্রবার বেলা ২.০০ টার মধ্যে নির্ধারিত পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, মোবাইল ফোন, ক্যালক্যুলেটর, ঘড়ি অথবা যে কোনো ধরনের ইলেকট্রনিক ডিভাইসসহ পরীক্ষা কেন্দ্রে প্রবেশ সম্পূর্ণরূপে নিষিদ্ধ। কোনোভাবেই এর ব্যত্যয় ঘটানো যাবে না।

বিশেষ দ্রষ্টব্য: ১০-১০-২০২৫ খ্রি. শুক্রবার পরীক্ষা শুরু হওয়ার (বেলা ০৩.০০ টার) পর কোনো প্রার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না।

যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে-

মোঃ শফিকুল ইসলাম
ব্যবস্থাপক প্রশাসন

বিমান বাংলাদেশ এয়ারলাইনস
আকাশে শান্তির নীড়

GD-2174

The Daily Star
FOR ALL LATEST NEWS FOLLOW US
dailystarnews
/dailystar_bd
/in/dailystarnews
/dailystarnews
www.thedailystar.net

## Government of the People's Republic of Bangladesh

Ministry of Shipping
Payra Port Authority
Kalapara, Patuakhali- 8650
www.ppa.gov.bd

Memo No.: 18.21.7866.000.000.07.0001.25/12 Dated: 06-Oct-2025

# Corrigendum Notice

The Tender Package named ''Supply, installation, testing & commissioning of on-grid solar system on rooftop of Container Freight Station (CFS), Substation at Payra Port, Patuakhali.'' published on 08/09/2025 is hereby amended as follows:

| Serial Number | Topic Informations | Previous Dates | Corrigendum |
|---|---|---|---|
| 01 | Tender Last Selling Date and Time | 07-Oct-2025; 23:00 | 14-Oct-2025; 23:00 |
| 02 | Tender Closing and Opening Date and Time | 08-Oct-2025; 11:00 | 15-Oct-2025; 11:00 |

06/10/25
**Mohammad Ali**
Project Director
Solar power Generation project (BCCT Fund)
Payra Port Authority

GD-2175

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়
ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার
www.ntmc.gov.bd

স্মারক নং- ৪৪.১০.০০০০.০০০.০০৪.২৮.০০১.২৫-১২১২ তারিখঃ ২২ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ / ০৭ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর আওতাধীন ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি) এর রাজস্ব খাতভূক্ত নিম্নোক্ত পদে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে অনলাইনে (https://ntmc.teletalk.com.bd ওয়েব সাইটে) আবেদন আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | গাড়ি চালক (গ্রেড-১৬) বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০১ (এক) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) হালকা যানবাহন চালনার ড্রাইভিং লাইসেন্সসহ গাড়ি চালনায় অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং (গ) গাড়ি চালনায় ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ; | সকল জেলা |
| ২। | অফিস সহায়ক (গ্রেড-২০) বেতনস্কেল: ৮২৫০-২০০১০/- | ০২ (দুই) টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; | সকল জেলা |

২। আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:

ক. আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে;

খ. প্রার্থীর বয়স ১ অক্টোবর ২০২৫ তারিখে ১৮-৩২ এর মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

গ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে;

ঘ. চাকুরির আবেদন ফরমে (Applicant's Copy) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতাসহ সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় চাকুরির জন্য নির্বাচিত হলে চাকুরির আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত চাকুরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার সুযোগ থাকবে না;

ঙ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

চ. নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ সংশোধিত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে। তবে পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানের কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

ছ. লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষার্থীদের কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

জ. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

ঝ. সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোনো প্রার্থী কোনো বিদেশী নাগরিককে বিবাহ করে থাকলে বা বিবাহ করার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদন করার জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন;

ঞ. এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শূন্য পদ পূরণে "ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২০" অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি-বিধান/আদেশ/নিয়মাবলী এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধিতে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

ট. ২৬ মে ২০২৪ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুসারে ড্রাইভার পদে অনলাইনে আবেদনকারীদের পুনরায় উক্ত পদে আবেদন করার প্রয়োজন নেই। তবে অফিস সহায়ক পদের ক্ষেত্রে তা প্রযোজ্য নয়;

**ঠ. অনলাইন ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না;**

ড. নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

**৩। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ https://ntmc.teletalk.com.bd এই ওয়েব সাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ৯ অক্টোবর ২০২৫ খ্রি: তারিখ সকাল ৯.০০ ঘটিকা;

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩১ অক্টোবর ২০২৫ খ্রি. বিকাল ৫.০০ ঘটিকা;

উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থীর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দেবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সফলভাবে সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অব্যশই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য এবং স্বাক্ষর সংযুক্ত থাকা ও সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ক্রমিক নং ১ এ বর্ণিত ড্রাইভার পদের জন্য আবেদন ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর কমিশন চার্জ (ভ্যাটসহ) ১২/- (বার) টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২/- (একশত বার) টাকা, ক্রমিক নং ২ এ বর্ণিত অফিস সহায়ক পদের জন্য আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর কমিশন চার্জ (ভ্যাটসহ) ৬/- (ছয়) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- (ছাপান্ন) টাকা এবং অনগ্রসর নাগরিকদের (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) সকল গ্রেডে আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/- (ছয়) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- (ছাপান্ন) টাকা আবেদন সাবমিট করার সময় থেকে ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

**বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদন পত্রের সকল অংশপূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS : NTMC <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: NTMC ABCDEF & send to 16222

Reply : Applicant's Name, Tk. .......... will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type NTMC <space> Yes <space> PIN and send to 16222.

দ্বিতীয় SMS: NTMC <space> Yes <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: NTMC Yes 12345678 and send to 16222.

Reply: Congratulations! Applicant's Name, Payment completed successfully for NTMC Application for post name xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https:// ntmc.teletalk.com.bd ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র Teletalk pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে NTMC<space>Help<space> User <space> User ID & Send to16222
Example: NTMC Help User ABCDEF & Send to 16222

ii) PIN Number জানা থাকলে NTMC<space>Help <space> PIN <space> PIN Number & Send to 16222
Example: NTMC Help PIN 12345678& Send to 16222

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও এনটিএমসি'র ওয়েবসাইট www.ntmc.gov.bd এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের ওয়েবসাইট www.moha.gov.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল (https://alljobs.teletalk.com.bd/ntmc ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.ntmc.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/ মেসেজ এর subject-এ Organization Name: NTMC, Post Name: Driver & Office Assistant Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ট. ডিক্লারেশনঃ প্রার্থীকে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করা হলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

**৪। প্রার্থীর যোগ্যতা যাচাই :**

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবেঃ

(ক) সদ্য তোলা রঙিন ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

(খ) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (অভিজ্ঞতার সনদপত্রসহ);

(গ) প্রার্থী যে ইউনিয়ন/ পৌরসভা/ সিটি কর্পোরেশন/ ক্যান্টনমেন্ট বোর্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

(ঘ) মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/ বীরাঙ্গনার সন্তান হিসেবে আবেদনকারী প্রার্থীকে পিতা/মাতার মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। এক্ষেত্রে সনদ হিসেবে নিম্নের যে কোন একটি গ্রহণযোগ্য বিবেচিত হবেঃ

(i) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬.০২.২০০২ তারিখের মুঃবিঃমঃসনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) সনদ;

অথবা

(ii) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০১.০২.২০০৯ তারিখের মুবিম/সনদ-১/প্র-৩/৩১/০২/১৪০ নং প্রজ্ঞাপন অনুযায়ী ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত সরকার প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদ;

(ঙ) শারীরিক প্রতিবন্ধী কোটার প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তরাধীন জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র (আইডি কার্ড) এবং তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে;

(চ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে;

(ছ) কোনো প্রার্থী বিদেশ হতে তার অর্জিত কোনো ডিগ্রিকে উল্লিখিত পদের পার্শ্বে বর্ণিত কোনো শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাকে সে মর্মে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের মূলকপি এবং সত্যায়িত কপি মৌখিক পরীক্ষার সময় অবশ্যই দাখিল করতে হবে;

(জ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(ঝ) জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত অনুলিপি;

(ঞ) Online-এর পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy);

(ট) প্রবেশপত্রের কপি;

৫। অনলাইন-এ আবেদনপত্র পূরণ/আবেদনের সময় মুক্তিযোদ্ধা/ শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/ শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় প্রার্থিতা দাবি না করলে পরবর্তীতে নতুন করে কোনো কোটার প্রার্থীতা দাবি গ্রহণযোগ্য হবে না।

৬। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময়সূচী www.ntmc.gov.bd এবং www.moha.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে। মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার (প্রযোজ্য ক্ষেত্রে) জন্য আলাদাভাবে কোন প্রবেশপত্র/সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না। লিখিত পরীক্ষার প্রবেশপত্রই মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার (প্রযোজ্য ক্ষেত্রে) প্রবেশপত্র হিসেবে গণ্য হবে।

৭। উপরে উল্লেখ করা হয়নি এমন যে কোনো বিষয়ে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ বিধি-বিধান প্রযোজ্য হবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

স্বাক্ষরিত/-
ব্রিগেঃ জেনাঃ ইকরাম আহমদ ভূইঁয়া, এইচডিএমসি, এএফডব্লিউসি, পিএসসি
পরিচালক
ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার

GD-2169